# নার্সারিতে চারার ঢলে পড়া রোগ

## ক্ষতির ধরণ

- এটি নার্সারির প্রধান রোগ।
- চারা গজিয়ে মাটির উপরে আসার পূর্বে অথবা গজানোর কয়েক দিনের মধ্যেই চারাগুলো এ রোগে আক্রান্ত হয়।
- প্রবল বৃষ্টি এবং ভ্যাপসা গরমের সময় সাধারণত এ রোগ দেখা যায়।
- হঠাৎ এ রোগ দেখা যায় এবং অতিদ্রুত ছড়িয়ে পড়ে।



## কেন এ রোগ হয় ?

- নার্সারিতে খুব ঘনভাবে চারা উত্তোলন করলে।
- নার্সারির বেডে পানি জমে থাকলে।
- মাটিতে কাদার পরিমাণ বেশি থাকলে।
- কতিপয় ছত্রাকের আক্রমণে ঢলে-পড়া রোগের প্রাদুর্ভাব ঘটে।

## কোন জাতের চারা আক্রান্ত হয় ?

- কাঁঠাল, ইউক্যালিপ্‌টাস, সেগুন, কদম, গামার, গর্জন, মেহগনি, পেঁপে, টমেটো, কপি, বেগুন, মরিচ, অশ্বগন্ধ্যা ইত্যাদি।

## লক্ষণ



### ক) চারা গজানেরা পূর্বে ঃ

- চারা গজিয়ে মাটির উপরে আসার পূর্বেই মারা যায়।
- রোগের লক্ষণ চোখে পড়ে না বলে চারা না গজানোর জন্য বীজের নিম্নমানকে দায়ী করা হয।

### খ) চারা গজানেরা পরে ঃ

- কচি চারার কান্ডে এবং প্রধানত গোড়ায় পচনের দাগ দেখা যায়।
- পচনের দাগগুলো দ্রুত বড় হতে থাকে।
- চারাগুলো গোড়ায় পচে এক পাশে ঢলে পড়ে।

## প্রতিকার

- নার্সারি বেডের মাটি কুপিয়ে নিচের মাটি উপরে এনে কয়েক দিন ধরে রোদে শুকিয়ে নিন।



- ফরমালিন দিয়ে মাটি শোধন করে নিন।
- ৫ ভাগ ফরমালিন (বাণিজ্যিক) ৫০ ভাগ পানির (১:১০ অনুপাত) সাথে মিশিয়ে এমন ভাবে মাটি ভিজাতে হবে যাতে তা ১০-১৫ সেন্টিমিটার গভীরে প্রবেশ করে।
- সাদা পলিথিন শীট দিয়ে বেডের মাটি ৩ দিন ঢেকে রাখুন।
- নার্সারি বেডের পানি নিষ্কাশনের জন্য পর্যাপ্ত ড্রেনের ব্যবস্থা রাখুন।
- বেডে সুষম সারের ব্যবহার করুন।
- বপনের পূর্বে বীজ ছত্রাকনাশক দিয়ে শোধন করে নিন (১ কেজি বীজের জন্য ২.৫ গ্রাম ব্যাভিস্টিন অথবা প্রয়োজন মতো বোঁর্দো মিশ্রণ ব্যবহার করুন)।
- অতিরিক্ত বৃষ্টি থেকে রক্ষা করার জন্য চারার উপরে পলিথিন শীটের ঢাকনা বা চালা করে দিন।
- রোগ দেখা মাত্র প্রতি ১ লিটার পানিতে ২ গ্রাম ডায়থেন এম-৪৫ ছত্রাকনাশক ভালভাবে মিশিয়ে বা বোঁর্দো মিশ্রণ তৈরি করে স্প্রে মেশিন দ্বারা আক্রান্ত চারার উপর ছিটিয়ে দিন।
- ছোট বীজের চারা উত্তোলনের জন্য প্লাস্টিক বা মাটির ছিদ্রযুক্ত ট্রে বা পাত্র ব্যবহার করুন।

**ছত্রাকনাশক প্রয়োগে সাবধানতা ঃ ছত্রাকনাশক প্রয়োগের সময় প্রয়োজনীয় সতর্কতা অবলম্বন অত্যাবশ্যক**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
**পরিবেশ ও বন মন্ত্রণালয়**
**বাংলাদেশ বন গবেষণা ইনস্টিটিউট**
ষোলশহর, চট্টগ্রাম। ফোন ঃ ০৩১-৬৮১৫৭৭, ০৩১-২৫৮০৩৮৮
ডিসেম্বর ২০১০ খ্রি.
Web site : www.bfri.gov.bd, E-mail : bfri_ttt@ctpath.net